# বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/৫৩৪

তারিখ: ১০/০৬/২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা এর নিম্নলিখিত শূণ্য পদসমূহ বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | প্রভাষক (ইয়ার্ণ)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০৩ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। |
| ২. | প্রভাষক (ফেব্রিক)<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>ফেব্রিক ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০৪ | |
| ৩. | প্রভাষক (আইপিই)-০৩টি<br>প্রভাষক (মেকানিক্যাল)-০১টি<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ। | ০৪ | |
| ৪. | প্রভাষক (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)-০১টি<br>প্রভাষক (মেকানিক্যাল)-০১টি<br>প্রভাষক (ইলেক্ট্রিক্যাল)-০১টি<br>প্রভাষক (কম্পিউটার)-০১টি<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটিন্যান্স বিভাগ। | ০৪ | |
| ৫. | প্রভাষক (গণিত)-০১ টি<br>প্রভাষক (পরিসংখ্যান)-০১ টি<br>বেতন স্কেল ঃ ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>গণিত ও পরিসংখ্যান বিভাগ। | ০২ | ১. প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী/সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে।<br>২. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। |

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস/Website: www.butex.edu.bd হতে জীবন বৃত্তান্তের একটি ফরমেট সংগ্রহপূর্বক পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা (সকল সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্টসহ) ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

২। বর্ণিত পদসমূহের জন্য ০৫ (পাঁচ) সেট পূর্নাঙ্গ আবেদনপত্র দাখিল করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে চরিত্র সম্পর্কিত প্রশংসাপত্র (Testimonial) এবং চাকুরীরত হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে বেতন স্কেল উল্লেখপূর্বক অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে ও খামের উপর সুস্পষ্টভাবে পদের নামসহ বিষয় উল্লেখ করতে হবে।

৫। সকল আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮" এর বরাবরে প্রেরণ করতে হবে।

৬। সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে অনলাইনের মাধ্যমে "বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, হিসাব নম্বর-০১২৪২০০০০২১৮৩, সোনালী ব্যাংক লিঃ, তেজগাঁও শি/এ শাখা, ঢাকা" এর অনুকূলে বর্ণিত পদসমূহের জন্য ৬০০/- টাকা প্রেরণ করতে হবে এবং কস্ট মেমো এর মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৮। আবেদনপত্র পাঠানোর শেষ তারিখ ঃ ২৭/০৬/২০২৪ (অফিস চলাকালীন সময়ের মধ্যে)।

৯। কোন পদের প্রার্থীর সংখ্যা বেশী হলে প্রয়োজনবোধে লিখিত পরীক্ষার ব্যবস্থা করা হতে পারে।

১০। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। যোগ্য/প্রাথমিক বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান পত্রের মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। সাক্ষাৎকারে অংশগ্রহনের সময় সকল প্রকার সনদ এবং ট্রান্সক্রিপ্টের মূল কপি দেখাতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন প্রকার কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। কোন পাবলিক পরীক্ষায় তৃতীয় বিভাগ/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবেনা।

১৪। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৫। দেশের বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং বিদেশে অর্জিত ডিগ্রী এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত ডিগ্রীর সাথে অনুরূপ ডিগ্রী হিসাবে ইকুইভেলেন্স করতে হবে।

১৬। অনলাইন বা দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

১৭। শিক্ষক পদে অভিজ্ঞতা বলতে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে (সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্ত্বশাসিত) সক্রিয় শিক্ষকতা/গবেষণা প্রতিষ্ঠানের গবেষণার কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

১৮। সরকারি/আধা-সরকারি/সায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকুরীর অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।

১৯। বিনা বেতনে/লিয়েনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষকতাকাল বলে বিবেচিত হবে না, তবে প্রেষনের (Deputation) ক্ষেত্রে এটা প্রযোজ্য হবেনা।

২০। নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় যথাযথ কর্তৃপক্ষের সনদ সংযুক্ত করতে হবে।

২১। সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোন সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে "অঙ্গীকারনামা" প্রদান করতে হবে।

১০/০৬/২০২৪

(কাবেরী মজুমদার)
রেজিস্ট্রার

G:\DR Official\Administration\Recruitment\Advertisement-10.06.2024 (Teacher).doc

স্মারক নং- বুটেক্স/প্রশাঃ/২২/১১তম খন্ড/২০২৪/৫৩৪ তারিখ: ১০/০৬/২০২৪

<u>বিতরণ, সদয় অবগতির জন্য-</u>

১। সকল ডীন, বুটেক্স।
২। সকল বিভাগীয় প্রধান, বুটেক্স।
৩। পরিচালক (সকল), বুটেক্স।
৪। প্রক্টর, বুটেক্স।
৫। সকল দপ্তর প্রধান, বুটেক্স।
৬। ইন-চার্জ, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-এ আপলোড করার অনুরোধসহ), বুটেক্স।
৭। সহকারী পরিচালক (পাবলিক রিলেশন), বুটেক্স।
৮। পিএসটু ভিসি, ভিসি অফিস (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বুটেক্স।
৯। শাখা প্রধান/ল্যাব ইনচার্জ, সকল শাখা/ল্যাব/ওয়ার্কশপ, বুটেক্স।
১০। সংশ্লিষ্ট নথি।

১০/০৬/২৪

(মোহাম্মদ আরিফুর রহমান)
সহকারী রেজিস্ট্রার

G:\DR Official\Administration\Recruitment\Advertisement-10.06.2024 (Teacher)-Circulation.doc